**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 12/12/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# 7 মিলিয়ন ডলারের ফেডারেল অনুদান পাওয়ার মধ্য দিয়ে নিউ ইয়র্ক স্টেট কানেক্টঅল অফিস গুরুত্বপূর্ণ মাইলফলক অর্জন করেছে বলে গভর্নর হোকলের ঘোষণা

***এই তহবিল ডিজিটাল বিভেদ দূরীকরণে সহায়তা করতে স্টেটজুড়ে সমন্বিত ব্রডব্যান্ড ও ডিজিটাল সমতা পরিকল্পনা এবং স্টেটহোল্ডারদের সম্পৃক্ততা কার্যক্রম চালু করছে***

***এসব অনুদান ফেডারেল অবকাঠামো বিনিয়োগ ও কর্মসংস্থান আইনের তরফ থেকে নিউ ইয়র্কের ব্রডব্যান্ড তহবিলের সম্পূর্ণ বরাদ্দ পাওয়ার দিকে এগিয়ে যাওয়ার ক্ষেত্রে প্রথম পদক্ষেপ***

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেটের ConnectALL অফিসকে যুক্তরাষ্ট্রের বাণিজ্য বিভাগের (Department of Commerce) ব্রডব্যান্ড সমতা, অ্যাক্সেস, ও বিতরণ (Broadband Equity, Access, and Deployment) এবং ডিজিটাল সমতা আইনের কর্মসূচিগুলোর মাধ্যমে 7.2 মিলিয়ন ডলারের অনুদান বরাদ্দ করা হয়েছে। আগামী মাসগুলোতে, ConnectALL স্টেটজুড়ে নিউ ইয়র্কবাসীদেরকে স্টেটজুড়ে ব্রডব্যান্ড বিতরণ এবং ডিজিটাল সমতা বাস্তবায়ন সংক্রান্ত সমন্বিত পরিকল্পনা প্রণয়ন করতে সম্পৃক্ত করার জন্য ব্যবহার করবে। এসব পরিকল্পনা নিউ ইয়র্ক স্টেটের ডিজিটাল বিভেদ দূর করার জন্য অবকাঠামো বিনিয়োগ ও কর্মসংস্থান আইনের তহবিলগুলো স্টেট কর্তৃক কাজে লাগানোর রোডম্যাপ প্রদান করবে।

"সাশ্রয়ী, নির্ভরযোগ্য ইন্টারনেটের অ্যাক্সেস এখন আর কোনো বিলাসিতা নয় - এটি লোকজনকে কর্মসংস্থান, শিক্ষা, এবং অপরিহার্য সরকারি পরিষেবাগুলোর সঙ্গে সংযুক্ত করার জন্য একটি অপরিহার্য প্রয়োজন," **বলেছেন গভর্নর হোকল।** "বাইডেন-হ্যারিস প্রশাসনের তরফ থেকে পাওয়া এই তহবিল নিউ ইয়র্কবাসীদেরকে সংযুক্ত রাখতে এবং 21 শতকের অর্থনীতির জন্য আমাদের ডিজিটাল অবকাঠামো গড়ে তুলতে সাহায্য করবে। আমাদের স্টেটে এই বিনিয়োগ করার জন্য আমি আমাদের ফেডারেল অংশীদারদেরকে ধন্যবাদ জানাই, এবং ডিজিটাল সমতা সম্প্রসারণ করা এবং উচ্চ-গতির ব্রডব্যান্ড যাতে সবার জন্য লভ্য হয় সে বিষয়টি নিশ্চিত করার জন্য আমি সেই অংশীদারিত্ব অব্যাহত রাখার প্রত্যাশা রাখি।"

**সেক্রেটারি অব কমার্স জিনা রাইমন্ডো বলেন,** "সবার জন্য ইন্টারনেট উদ্যোগগুলো নিউ ইয়র্কবাসীদেরকে সমতাপূর্ণ ইন্টারনেট অ্যাক্সেস প্রদান করার লক্ষ্য নিয়ে ইন্টারনেট

পরিষেবাগুলোর সুলভতা বৃদ্ধি করবে। বঞ্চিত ও সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোর চাহিদা পূরণের জন্য ইন্টারনেট অ্যাক্সেস সম্প্রসারণ করার ক্ষেত্রে তার কাজের জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই।"

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development)-এর প্রেসিডেন্ট, CEO ও কমিশনার হোপ নাইট বলেন**, "গভর্নর হোকলের ConnectALL এজেন্ডা এগিয়ে নিয়ে যাওয়ার জন্য ফেডারেল সরকারের তরফ থেকে এসব গুরুত্বপূর্ণ অনুদান পাওয়ায় আমরা অত্যন্ত আনন্দিত। একটি স্টেটব্যাপী পরিকল্পনা এগিয়ে নিয়ে যাওয়া এবং গুরুত্বপূর্ণ ব্রডব্যান্ড কর্মসূচিগুলোকে সহায়তা করার জন্য ফেডারেল তহবিল পাওয়ার জন্য আমরা স্টেটের প্রতিটি অঞ্চলে আমাদের অংশীদারদের সঙ্গে কাজ করে যাওয়ার প্রত্যাশা রাখি।"

গভর্নর হোকল কর্তৃক 2022 সালের জানুয়ারি মাসে তার স্টেট অব দ্যা স্টেট ভাষণে ঘোষণা করা 1.1 বিলিয়ন ডলারের ConnectALL উদ্যোগ ব্রডব্যান্ডের জন্য নিউ ইয়র্ক স্টেটের এযাবতকালের সর্ববৃহৎ বিনিয়োগ, যার লক্ষ্য হচ্ছে ইন্টারনেটের মাধ্যমে সব নিউ ইয়র্কবাসীকে সংযুক্ত করার জন্য স্টেটের ডিজিটাল অবকাঠামোর রূপান্তর ঘটানো। ডাটা সংগ্রহ ও ম্যাপিং, টার্গেটকৃত অনুদান কর্মসূচি, মোতায়েন নীতিমালার আপডেট, এবং স্টেটজুড়ে স্টেটহোল্ডারদের সম্পৃক্ততা, ইত্যাদি ক্ষেত্রে বিনিয়োগ করার মাধ্যমে, ConnectALL নিউ ইয়র্কবাসীদেরকে উন্নত ব্রডব্যান্ড পরিষেবা এবং এটির প্রদান করা অধিকতর অর্থনৈতিক, শিক্ষা, স্বাস্থ্য, ও নাগরিক সম্পৃক্ততার সুযোগসমূহের অ্যাক্সেস পেতে সাহায্য করবে।

আজকের অনুদান তহবিলের মধ্যে BEAD কর্মসূচির তরফ থেকে 5 মিলিয়ন ডলার এবং স্টেটের ডিজিটাল সমতা পরিকল্পনা অনুদান কর্মসূচির (State Digital Equity Planning Grant Program) তরফ থেকে 2.2 মিলিয়ন ডলার অন্তর্ভুক্ত রয়েছে; উভয় ফেডারেল কর্মসূচি যুক্তরাষ্ট্রের বাণিজ্য বিভাগের জাতীয় টেলিযোগাযোগ ও তথ্য প্রশাসনের (National Telecommunications and Information Administration) দ্বারা পরিচালিত হয়। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট-এর ConnectALL অফিস উভয় কর্মসূচি থেকে পাওয়া এই তহবিল স্টেটজুড়ে একটি সমন্বিত পরিকল্পনা প্রণয়ন এবং স্টেকহোল্ডারদের সম্পৃক্ততা বাস্তবায়ন প্রচেষ্টায় সহায়তা করার জন্য ব্যবহার করবে, যে প্রচেষ্টা অবকাঠামো বিনিয়োগ ও কর্মসংস্থান আইনে ব্রডব্যান্ড ও ডিজিটাল সমতার জন্য অন্তর্ভুক্ত করা 45 বিলিয়ন ডলারেরও বেশি ফেডারেল তহবিল থেকে পরবর্তীতে অনুদান তহবিল বরাদ্দ বাস্তবায়ন করার প্রক্রিয়াকে অবহিত করবে। বর্তমানে নিউ ইয়র্কবাসীদের সম্মুখীন হওয়া ব্রডব্যান্ড অ্যাক্সেস ও ব্যবহারের প্রতিবন্ধকতাগুলোর সম্পূর্ণ পরিসর মোকাবেলা করবে এমন একটি সমন্বিত ও একীভূত প্রচেষ্টা নিশ্চিত করার জন্য BEAD ও ডিজিটাল সমতা উভয় কর্মসূচির জন্য পরিকল্পনা ও বাস্তবায়নের কাজকে নিউ ইয়র্ক স্টেট ConnectALL-এর অধীনে একীভূত করেছে।

ConnectALL-এর সম্পৃক্ততা প্রচেষ্টাগুলোর মধ্যে স্টেটজুড়ে একটি বিচিত্র পরিসরের স্টেটহোল্ডারদের সঙ্গে বিস্তৃত প্রচারণা ও সহযোগিতামূলক অন্তর্ভুক্ত থাকবে, যাদের মধ্যে রয়েছে নির্বাচিত কর্মকর্তা; স্থানীয়, আঞ্চলিক, ও গোত্রীয় সরকার; জনসাধারণ; ইন্টারনেট পরিষেবা প্রদানকারী; অলাভজনক ও কমিউনিটিভিত্তিক সংস্থাসমূহ; নাগরিক অধিকার বিষয়ক সংস্থাসমূহ; শ্রমিক সংস্থা ও ইউনিয়নসমূহ; কর্মীদের উন্নয়ন বিষয়ক সংস্থাসমূহ; লাইব্রেরি; শিক্ষা

প্রতিষ্ঠান; অর্থনৈতিক উন্নয়ন সংস্থাসমূহ; স্থানীয় ব্যবসা প্রতিষ্ঠান এবং চেম্বার অব কমার্স; এবং আরো অনেকে অন্তর্ভুক্ত রয়েছে। ConnectALL ব্রডব্যান্ড বিতরণ ও ডিজিটাল সমতা সংক্রান্ত চ্যালেঞ্জ, অগ্রাধিকার, ও সুযোগগুলো শনাক্ত করতে; স্টেটের প্রচেষ্টাকে অবহিত করার জন্য তাদের দক্ষতাকে কাজে লাগাতে; স্টেটের পরিকল্পনাগুলো যাতে ইতোমধ্যে চলমান প্রচেষ্টাগুলোর সাথে সঙ্গতি রক্ষা করে তা নিশ্চিত করতে; এবং পরিকল্পনা করা ব্রডব্যান্ড বিনিয়োগগুলোর অর্থনৈতিক উন্নয়ন, কর্মসংস্থান তৈরি, শিক্ষা, ও স্বাস্থ্যগত সর্বোচ্চ প্রভাব অর্জন করতে স্টেটজুড়ে এসব অংশীদারদের সঙ্গে কাজ করবে। 2023 সালের জানুয়ারি মাস থেকে স্টেট এটির পাবলিক স্টেকহোল্ডার সম্পৃক্ততার ইভেন্টগুলো ঘোষণা করা শুরু করতে পারবে বলে প্রত্যাশা করছে।

সেইসাথে ConnectALL স্টেটের উদ্বোধনী ডিরেক্টর অব ডিজিটাল ইক্যুইটি পদে এবং বাড়তি অন্যান্য পদে কর্মী নিয়োগ দেওয়ার পাশাপাশি ডিজিটাল সমতা পরিকল্পনা ও সমন্বয়ের কাজে সহায়তা করার জন্য নিউ ইয়র্ক স্টেট লাইব্রেরির মধ্যে অবস্থিত দুইটি ফেলোশিপ প্রতিষ্ঠা করার জন্য বরাদ্দকৃত তহবিলগুলো কাজে লাগাবে। এছাড়াও স্টেট গুরুত্বপূর্ণ জনগোষ্ঠীর কাছে পরিষেবা পৌঁছে দেওয়ার কাজ তত্ত্বাবধানকারী স্টেট সংস্থাগুলোকে একত্রিত করার জন্য একটি ডিজিটাল সমতা বিষয়ক আন্তঃসংস্থা টাস্কফোর্স (Digital Equity Interagency Taskforce) প্রতিষ্ঠা করবে, যেসব সংস্থার মধ্যে NYS-এর শিক্ষা বিভাগ, শিশু ও পরিবার বিষয়ক কাউন্সিল (Council on Children and Families), ডিপার্টমেন্ট অব সিভিল সার্ভিস (Department of Civil Service), পারিবারিক সহায়তা বিভাগ (Department of Family Assistance), আর্থিক সহায়তা বিভাগ (Department of Financial Assistance), আর্থিক পরিষেবা বিভাগ (Department of Financial Services), স্বাস্থ্য বিভাগ (Department of Health), শ্রম বিভাগ (Department of Labor), ডিপার্টমেন্ট অফ পাবলিক সার্ভিস (Department of Public Service), ডিপার্টমেন্ট অব স্টেট (Department of State), বিকাশ সংক্রান্ত অক্ষমতা: বিষয়ক পরিকল্পনা কাউন্সিল (Developmental Disabilities Planning Council), NYS হোমস এন্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal), অফিস ফর পিপল উইথ ডেভেলপমেন্টাল ডিজ্যাবিলিটিজ (Office for People with Developmental Disabilities), অফিস ফর দ্য এজিং (Office for the Aging), শিশু ও পারিবারিক পরিষেবা অফিস (Office of Child and Family Services), অস্থায়ী ও অক্ষমতা সংক্রান্ত সহায়তা বিষয়ক দপ্তর (Office of Temporary and Disability Insurance) এবং অন্যান্য সংস্থা অন্তর্ভুক্ত রয়েছে।

এছাড়াও ConnectALL স্টেটজুড়ে ব্রডব্যান্ড ও ডিজিটাল সমতা বিষয়ক পরিকল্পনা ও বাস্তবায়নের কাজে পরামর্শ প্রদানের জন্য একটি ব্রডব্যান্ড অ্যাক্সেস অ্যাডভাইজরি কমিটি ( Broadband Access Advisory Committee) গঠন করবে; যে কমিটির সদস্যদের মধ্যে গুরুত্বপূর্ণ স্টেট অবকাঠামো সংস্থাগুলোর সদস্য, বেসরকারি খাতের টেলিযোগাযোগ অপারেটর, সংগঠিত শ্রম খাতের একজন প্রতিনিধি, এবং উপজাতি সংক্রান্ত বিষয়ের একজন বিশেষজ্ঞ অন্তর্ভুক্ত থাকবেন।

ConnectALL-এর সাম্প্রতিক কয়েকটি অর্জনের কিছু সময় পরে আজকের এই ঘোষণা দেওয়া হলো, যেসব অর্জনের মধ্যে রয়েছে:

- **10 মিলিয়ন ডলারের একটি ব্রডব্যান্ড অবকাঠামো নির্মাণ উদ্যোগের নির্মাণকাজ শুরু হওয়া:** ConnectALL এবং নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি (New York Power Authority) শেনাঙ্গো, টিওগা, সেন্ট লরেন্স ও লুইস কাউন্টির গ্রামীণ কমিউনিটিগুলোতে সাশ্রয়ী ব্রডব্যান্ড ইন্টারনেট অ্যাক্সেস নিয়ে আসার জন্য কাজ করছে।
- **ব্রডব্যান্ড মূল্যায়ন কর্মসূচি (Broadband Assessment Program) এবং ইন্টারঅ্যাক্টিভ ব্রডব্যান্ড ম্যাপ চালু করা**: ConnectALL ফেডারেল যোগাযোগ কমিশনের (Federal Communication Commission) জাতীয় ব্রডব্যান্ড ম্যাপের ভুলগুলো সংশোধনের জন্য স্টেটের সংস্থানসমূহ, স্থানীয় ও আঞ্চলিক সরকারের অংশীদারদের, এবং সাধারণ জনগণকে কাজে লাগাচ্ছে, যা IIJA-এর তরফ থেকে স্টেটের চূড়ান্ত তহবিল বরাদ্দকে অবহিত করবে। সম্প্রতি ConnectALL ডিপার্টমেন্ট অফ পাবলিক সার্ভিস-এর তৈরি করা স্টেটের সর্ব প্রথম, সুগভীর, ইন্টারঅ্যাক্টিভ ব্রডব্যান্ড ম্যাপ থেকে পাওয়া ডাটা কাজে লাগিয়ে নিউ ইয়র্কের 31,000-এরও বেশি ঠিকানা উল্লেখ করে একটি চ্যালেঞ্জ জমা দিয়েছে, যেসব ঠিকানা ফেডারেল ম্যাপে অন্তর্ভুক্ত করা হয়নি।
- **সাশ্রয়ী সংযোগ কর্মসূচির (Affordable Connectivity Program) মাধ্যমে ভোক্তাদের ব্রডব্যান্ড সংযোগের জন্য ভর্তুকি প্রদান সম্পর্কে প্রচারণা:** সম্প্রতি গভর্নর হোকল ঘোষণা করেছেন যে নিউ ইয়র্কের 1 মিলিয়নেরও বেশি পরিবার এই কর্মসূচিতে সাবস্ক্রাইব করেছে, যার বেশিরভাগ কৃতিত্ব নিম্ন-আয়ের পরিবারগুলোর জন্য প্রতি মাসে 30 ডলার ব্রডব্যান্ড ভর্তুকি পাওয়ার সুযোগ সম্পর্কে সচেতনতা গড়ে তোলার জন্য চলমান, বহুসংস্থাভিত্তিক ও তৃণমূল পর্যায়ের প্রচেষ্টার।

ConnectALL সম্পর্কে আরো তথ্য ও আপডেট পেতে ভিজিট করুন[www.broadband.ny.gov](www.broadband.ny.gov) ঠিকানায়।

## এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট নিউ ইয়র্কের মুখ্য অর্থনৈতিক উন্নয়ন এজেন্সি। ESD এর মিশন হচ্ছে একটি উন্নত এবং ক্রমবর্ধমান অর্থনীতি প্রতিষ্ঠা করা, নতুন কর্মসংস্থান এবং অর্থনৈতিক সুযোগের তৈরিকরণ উৎসাহিত করা, স্টেট এবং তার মিউনিসিপ্যালিটিস রাজস্ব বৃদ্ধি করা এবং স্থিতিশীল ও বৈচিত্র্যময় স্থানীয় অর্থনীতি অর্জন করা। ঋণ, অনুদান, ট্যাক্স ক্রেডিট এবং অন্যান্য ধরনের অর্থনৈতিক সহায়তা ব্যবহারের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটে কর্মসংস্থান সৃষ্টি শুরু করা এবং উন্নত কমিউনিটিকে সহায়তা করার জন্য ESD ব্যক্তিগত ব্যবসায় বিনিয়োগ বৃদ্ধি করার প্রচেষ্টা চালাচ্ছে। এছাড়াও ESD হলো আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিলগুলোর এবং স্টেটের আইকনিক পর্যটন ব্র্যান্ড "আই লাভ NY" ("I LOVE NY") এর বিপণনের তত্ত্বাবধানকারী প্রধান প্রশাসনিক সংস্থা। আঞ্চলিক কাউন্সিল এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে [www.regionalcouncils.ny.gov](www.regionalcouncils.ny.gov) এবং [www.esd.ny.gov](www.esd.ny.gov) দেখুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418